



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১২/০১/২০২১

প্রেস বিজ্ঞপ্তি

পাবিপ্রবিতে ফিজিওথেরাপি বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

(১২/০১/২০২১): আজ মঙ্গলবার পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ফিজিওথেরাপি বিষয়ক একটি সেমিনার অনুষ্ঠিত হয়েছে। সেমিনারটি বাংলাদেশ ফিজিওথেরাপি এসোসিয়েশন এর উদ্যোগে দুপুর ১২.৩০ টায় বিশ্ববিদ্যালয়ের ভিডিও কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়।



এর আগে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলীর সাথে বাংলাদেশ ফিজিওথেরাপি এসোসিয়েশনের কর্মকর্তারা উপাচার্যের অফিসে এ বিষয়ে আলোচনা করেন। কর্মকর্তারা সাক্ষাতের সময় উপাচার্যকে ফিজিওথেরাপি বিষয়ে ৩ টি প্রস্তাব দেন; ১। ১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ে মেডিকেল ক্যাম্প স্থাপন করে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীদের চিকিৎসা প্রদান ২। বিশ্ববিদ্যালয়ের মেডিকেল সেন্টারে একজন ফিজিওথেরাপিস্ট নিয়োগ দেওয়ার জন্য প্রস্তাব এবং ৩। বিশ্ববিদ্যালয়ে ফিজিওথেরাপি বিষয়ক কোর্স চালু করা। ১৭ মার্চ তারা যে সকল সেবা প্রদান করার জন্য প্রস্তাব করেন: কোমর ব্যাথা, হাঁড় ব্যাথা, বাতের ব্যাথা, হাঁটুর ব্যাথা, আর্থ্রাইটিসের ব্যাথা, হার ক্ষয় রোগ, মেরুদণ্ডের ব্যাথা, স্ট্রোক বা প্যারালাইসিস প্রভৃতি।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ কার্যালয়

রাজাপুর, পাবনা-৬৬০০।

ফোন : ০৭৩১-৬৪৯৮১

ফ্যাক্স: ০৭৩১-৬৫১৩৪

উপাচার্য প্রফেসর ড. এম রোস্তুম আলী তাঁর অফিসে বাংলাদেশ ফিজিওথেরাপি এসোসিয়েশনের কর্মকর্তাদের উপস্থিতিতে ফিজিওথেরাপির গুরুত্ব ও প্রয়োজনীয়তা সম্পর্কে বলেন, করোনাকালে আমাদের অনেকের মধ্যেই ভীতি ও মনস্তাত্ত্বিক সমস্যা বিরাজ করছে। করোনার কারণে ফুসফুসেরও সমস্যা হচ্ছে। ফিজিওথেরাপি চিকিৎসার মাধ্যমে এ ধরনের সমস্যা থেকে আমরা বেরিয়ে আসতে পারবো। শিক্ষার্থীদের খেলাধুলার বিষয়েও এ ধরনের চিকিৎসা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারবে।

সেমিনারে বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ আনোয়ার খসরু পারভেজ বলেন, ফিজিওথেরাপি সেবার মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপকৃত হবে বলে আমার বিশ্বাস।

সেমিনারে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফিজিওথেরাপি এসোসিয়েশনের সভাপতি ডা. সঞ্জিত কুমার চক্রবর্তী, সাধারণ সম্পাদক ডা. শাহাদাত হোসেন। এছাড়া আরো উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ডিনবন্দ এবং বিশ্ববিদ্যালয় মেডিকেল সেন্টারের চীফ মেডিকেল অফিসার।

বার্তা প্রেরক-

মোঃ বাবুল হোসেন

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।